# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৪০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: لَعَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَائِرَاتِ الْقُبُورِ وَالْمُتَّخِذِينَ عَلَيْهَا الْمَسَاجِدَ وَالسُّرُجَ. رَوَاهُ أَبُو دَاوُد وَالتِّرْمِذِيّ وَالنَّسَائِيّ

বাংলা

৭৪০-[৫২] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অভিসম্পাত করেছেন ঐ সকল স্ত্রী লোককে যারা (ঘন ঘন) কবর যিয়ারত করতে যায় এবং ঐ সব লোককেও অভিশাপ দিয়েছেন যারা কবরের উপর মাসজিদ নির্মাণ করে বা তাতে বাতি জ্বালায়। (আবূ দাঊদ, তিরমিযী ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩২৩৬, তিরমিযী ৩২০, নাসায়ী ২০৪৩, য‘ঈফ আত্ তারগীব ২০৭৫, তামামুল মিন্নাহ ২৯৮। তবে প্রথম দু’টি অংশ সহীহ। ইমাম তিরমিযী হাদীসটি হাসান বলেছেন তবে তার এ মন্তব্যে বিতর্ক রয়েছে তবে এর দ্বারা যদি তিনি হাসান লিগয়রিহী উদ্দেশ্য নিয়ে থাকেন তাহলে তা প্রথম দু’ অনুচ্ছেদের দৃষ্টিকোণ থেকে গ্রহণযোগ্য। কিন্তু وَالسُّرُجُ শব্দের উল্লেখ এ হাদীস ছাড়া অন্য কোথাও নেই। এ কারণে এ অংশটুকু মুনকার।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ দুই হাদীসের সমন্বয় এভাবে হতে পারে যে, মহিলাদের জন্য কবর যিয়ারত ততক্ষণ পর্যন্ত বৈধ হবে, যতক্ষণ তা’ হবে কেবলই পরকাল স্মরণের উদ্দেশে। কিন্তু মাতম করা বা বিচলিতভাবে শোক প্রকাশ করার কোন সুযোগ কবরস্থানে নেই। ক্ববরের উপর মাসজিদ নির্মাণ, কবরবাসীকে আল্লাহর নৈকট্য লাভকারী বান্দা মনে করে তার মাধ্যমে দু‘আ করা, ক্ববরে বাতিল জ্বালানো ইত্যাদি সবকিছুই হারাম। এ হাদীসে কবরপূজা এবং এর দিকে ফিরে সিজদা্ (সিজদা/সেজদা) ইত্যাদি নিষিদ্ধ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55297

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন